দৈনিক জনকণ্ঠ

৩৭

তারিখ 31 DEC 1998
পৃষ্ঠা ৬ কলাম ৫

# গোপালগঞ্জ পটুয়াখালী ও রংপুরে জরুরী ভিত্তিতে ভার্সিটি স্থাপনের সিদ্ধান্ত

হাসনাইন খুরশেদ

দেশে আরও তিনটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ জরুরী ভিত্তিতে শুরু করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। গোপালগঞ্জ, পটুয়াখালী ও রংপুরে এসব বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে। এর প্রতিটি বিশ্ববিদ্যালয়ের জন্য সর্বোচ্চ ৫০ একর করে জমি অধিগ্রহণ করা হবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সম্প্রতি অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) এক বৈঠকে জরুরী ভিত্তিতে এসব বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কাজ শুরু করার সিদ্ধান্ত নেয়া হয়। ইতোপূর্বে গৃহীত 'দেশের ১২টি পুরনো বৃহত্তর জেলায় (যেখানে কোন বিশ্ববিদ্যালয় নেই) একটি করে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন–প্রথম পর্যায়ে ৬টি' শীর্ষক প্রকল্প সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয়ের প্রণীত একটি সার-সংক্ষেপের ওপর আলোচনাকালে একনেক এ সিদ্ধান্ত নেয়।

একনেক বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী রংপুরের কারমাইকেল কলেজ এবং পটুয়াখালীর দুমকীতে অবস্থিত কৃষি কলেজের নিজস্ব জায়গা হতে নতুন দু'টি বিশ্ববিদ্যালয়ের জন্য জমি নেয়া হবে। গোপালগঞ্জ বিশ্ববিদ্যালয়ের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ বিভাগকে এই বিশ্ববিদ্যালয়গুলোর নির্মাণ কাজের দায়িত্ব দেয়া হবে।

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, নির্মিতব্য গোপালগঞ্জ, রংপুর ও পটুয়াখালী বিশ্ববিদ্যালয় এলাকায় খোলামেলা পরিবেশ নিশ্চিত করা হবে। স্থানীয় পরিবেশের সাথে মিল রেখে বিশ্ববিদ্যালয় ভবনগুলো নির্মাণের লক্ষ্যে উপযুক্ত স্থপতি দিয়ে এর ডিজাইন করা হবে। দেশে কৃষি জমির স্বল্পতা বিবেচনা করে যথাসম্ভব বহুতল ভবন নির্মাণ এবং ফসলী জমি অধিগ্রহণ যতটা সম্ভব পরিহার করারও সিদ্ধান্ত নেয়া হয়েছে।

'দেশের ১২টি পুরাতন বৃহত্তর জেলায় (যেখানে কোন বিশ্ববিদ্যালয় নেই) একটি করে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন–প্রথম পর্যায়ে ৬টি' শীর্ষক প্রকল্পের আওতায় এই ৩টি বিশ্ববিদ্যালয়ের নির্মাণ কাজ শীঘ্রই শুরু করা হচ্ছে। বিগত '৯৭ সালের ১২ ডিসেম্বর মোট ৯০ কোটি ৫৭ লাখ টাকায় একনেক এই প্রকল্প অনুমোদন করে। প্রকল্পটির মূল দলিলে প্রতিটি বিশ্ববিদ্যালয়ের জন্য ১০ একর করে জমি অধিগ্রহণ ও উন্নয়নের জন্য মোট ৬ কোটি টাকা এবং ৩৬৫ জন জনবলের জন্য মোট ২২ কোটি ২২ লাখ টাকার সংস্থান রাখা হয়েছিল। এতে জমির পরিমাণ অপর্যাপ্ত বিবেচিত হওয়ায় প্রকল্পটি নতুন করে পুনর্বিন্যাস করা হয়েছে। এতে জনবল ২৪৭ জনে কমিয়ে এনে এ খাতের বরাদ্দ থেকে সাশ্রয়কৃত ৬ কোটি ৬৭ লাখ টাকা উপযোজনের মাধ্যমে জমি উন্নয়ন ও অধিগ্রহণ খাতে সমন্বয়ের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

সূত্র জানায়, এই প্রকল্পের আওতায় পরে আরও যে তিনটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে, তার মধ্যে দু'টি হবে পার্বত্য চট্টগ্রাম ও দিনাজপুরে। এক্ষেত্রেও দিনাজপুরের অত্যন্ত উর্বর ধানী জমি বাদ দিয়ে ফসলের জন্য অনুপযোগী জমি বিশ্ববিদ্যালয় স্থাপনের লক্ষ্যে অধিগ্রহণ করতে একনেক বৈঠকে পরামর্শ দেয়া হয়।